



## জ্বালানি দাম বাড়ায় পরিবহন ভাড়া নিয়ে সিদ্ধান্ত বৃহস্পতিবার: সেতুমন্ত্রী



শেখ রবিউল আলম। ছবি: সংগৃহীত

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির প্রেক্ষাপটে গণপরিবহনের নতুন ভাড়া নির্ধারণে চূড়ান্ত সিদ্ধান্ত আগামী বৃহস্পতিবার নেওয়া হবে বলে জানিয়েছেন সেতুমন্ত্রী শেখ রবিউল।

বুধবার (২২ এপ্রিল) সচিবালয়ে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য দেন।

তিনি জানান, আজকের বৈঠকে কোনো সিদ্ধান্ত হয়নি। বাস, ট্রাকসহ সব ধরনের পরিবহনের ভাড়া পুনর্নির্ধারণ নিয়ে আলোচনা হলেও বিষয়টি আরও পর্যালোচনা করে আগামীকাল সিদ্ধান্ত দেওয়া হবে।

পরিবহন মালিকদের মতে, ডিজেলের দাম লিটারে ১৫ টাকা বৃদ্ধি এবং ডলারের উর্ধ্বগতির কারণে যন্ত্রাংশ আমদানি ও রক্ষণাবেক্ষণ ব্যয় বেড়ে খাতটি চাপে পড়েছে। তাই জ্বালানির নতুন দরের সঙ্গে সামঞ্জস্য রেখে দ্রুত ভাড়া সমন্বয়ের দাবি জানিয়েছেন তারা।

এর আগে গত রোববার রাতে বনানীতে বিআরটিএ কার্যালয়ে এ বিষয়ে বৈঠক হয়। সেখানে বিআরটিএর কর্মকর্তা এবং মালিক-শ্রমিক নেতারা অংশ নেন। বৈঠকের পর জানানো হয়, ভাড়া সমন্বয়ের একটি খসড়া প্রস্তুত হয়েছে এবং মন্ত্রণালয়ের অনুমোদনের পরই চূড়ান্ত হার ঘোষণা করা হবে।

উল্লেখ্য, সম্প্রতি ডিজেল, অকটেন, পেট্রোল ও কেরোসিনের দাম লিটারে ১৫ থেকে ২০ টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে, যা রোববার থেকে কার্যকর রয়েছে।